## বাংলা প্রথম পত্র
## সৃজনশীল প্রশ্ন

[ ক বিভাগ হতে দুটি, খ বিভাগ হতে দুটি, গ বিভাগ হতে দুটি ও ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

### ক বিভাগ – গদ্য

১. সিধু তার দরিদ্র পিতামাতার একমাত্র সন্তান। সে ভীষণ ডানপিটে এবং দুরন্ত। সারাদিন গ্রামের ছেলেদের সাথে খেলাধুলা করে এবং বনজঙ্গলে ঘুরে বেড়ায়। প্রকৃতিই যেন তার একমাত্র আশ্রয়। কোন গাছের আম মিষ্টি, কার বাগানের কলা পাকলো বলে ইত্যাদি খবর তার চেয়ে কেউ ভালো জানে না কারণ সে সারাদিন এখানে-সেখানে ঘুরে ঘুরে এসব তথ্য সংগ্রহ করে। তার এমন ভালকর্মে গ্রামের সবাই অতিষ্ঠ। অভিযোগ শুনতে শুনতে তার মায়ের কান ঝালাপালা হয়ে গেছে। তাই তার মা সবসময় সিধুর কর্মকাণ্ডে ভীষণ উদবিগ্ন থাকেন।

ক. হরিহর কার বাড়িতে কাজ করে?

খ. আমার এমন হয়েছে যে ইচ্ছে করে একদিকে বেরিয়ে যাই।'- সর্বজায়ার একথার কারণ কী? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের সিধু চরিত্রের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে তাঁ বর্ণনা করো।

ঘ. তুমি কি মনে করো উদ্দীপকের সিধুর মা 'আম-আঁটির ভেঁপু' গল্পের সর্বজায়ার মতো পল্লিমায়ের শাশ্বত রূপ হতে পেরেছে? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

২. শাহেদ করিম, দুর্নীতির বিরুদ্ধে টকশোতে কথার ফুলঝুরি ফুটত যার মুখে, শোনাতেন নীতি বাক্য। হাসপাতালের মালিক হিসেবে তিনি মানবহিতৈষি হিসেবে ফিরিস্তি দিতেন। করোনাকালে করোনা টেস্টের ভুয়া রেজাল্ট দিয়ে তার আসল পরিচয় ফুটিয়ে তোলেন। এরকম আরও অনেক দুর্নীতি ও অনিয়মের অভিযোগে বর্তমানে কারাবাস করছেন তিনি।

ক. 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়ো'- এই বোধটি কীসের পরিচায়ক?

খ. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে উল্লিখিত ক্ষুৎপিপাসার ব্যাপারটি মানবিক করে তোলা যায় কীভাবে? ব্যাখ্যা করো।।

গ. উদ্দীপকের করোনা টেস্ট দিয়ে শাহেদ করিমের কর্মকান্ড 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের প্রথম দিকে শাহেদ করিমের কথা অনুযায়ী যদি তাঁর কর্মকাণ্ড পরিচালিত হতো তবে তাঁর জীবনেও সোনা ফলত।'- 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো।

৩. অর্থনৈতিক মন্দার কারণে চামেলীর স্বামী রতনেরও চাকরি চলে যায়। সংসারের হাল ধরতে চামেলী শহরের বড়ো ব্যবসায়ী কৃষ্ণা মণ্ডলের কাপড়ের দোকানে বিপণন কর্মী হিসেবে কাজ নেয়। মাঝে মাঝে কৃষ্ণ মণ্ডলের দুই সন্তানকে দায়িত্বের সলো স্কুল থেকে আনা-নেওয়া করে। চামেলীর কাজকর্মে কৃষ্ণা মণ্ডল ভীষণ খুশি হন। চামেলীর মাসিক বেতন দ্বিগুণ বৃদ্ধি করে দেন। এতে চামেলী ভীষণ খুশি হয়।

ক. মমতাদির দু-চোখ সজল হয়ে উঠল কেন?

খ. 'ভর্ৎসনা নয় আবেদন' বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের কৃষ্ণা মন্ডল 'মমতাদি' গল্পের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা করো।

ঘ. উদ্দীপকের চামেলী 'মমতাদি' গল্পের মমতাদি চরিত্রের প্রতিনিধিত্ব করে কি? উত্তরের স্বপক্ষে যুক্তি সাও।

৪. 'তুমি বন্দু কালা পাখি
আমি যেন কী?
বসন্ত কালে তোমায় বলতে পারিনি।'

হাট-বাজারে এ রকম গান গেয়ে মানুষের মন আকর্ষণ করত বই বিক্রেতা হকার সেকেন্দার আলি। এই বিক্রির পাশাপাশি গ্রাম অঞ্চলে লোক মুখে প্রচলিত লোককাহিনি, মুক্তিযোদ্ধাদের বিজয় গাথা ইত্যাদি সংগ্রহ করে তা ফর্মাকারে ছেপে বিক্রি

prosnobd.com

করত। একসময় তার বেচা-বিক্রি ভালো হলেও ইদানীং তার বই আর তেমন কেউ কেনে না। সেকেন্দারও মনের দুঃখে পেশা পরিবর্তন করেছে।

ক. 'দেওয়ানা-মদিনা' লোকগাথার প্রখ্যাত কবি কে?

খ. লোকে ছড়া ভুলে যাচ্ছে কেন? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের গানের অংশটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিককে নির্দেশ করে তা ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের সেকেন্দার আলির কর্মকাণ্ডগুলো যদি সংরক্ষণ করা যেত তাহলে 'পল্লি সাহিত্য' প্রবন্ধের প্রাবন্ধিকের প্রত্যাশা পূর্ণ হতো।" – উত্তরের স্বপক্ষে তোমার যুক্তি দাও।

## খ বিভাগ – কবিতা

৫. **উদ্দীপক-১:** ধন্য ধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা
ও সে স্বপ্ন দিয়ে তৈরি সে যে স্মৃতি দিয়ে ঘেরা।

**উদ্দীপক-২:** "হাটে মাঠে বাটে এই মতো কাটে বছর পনেরো-ষোলো
একদিন শেষে ফিরিবারে দেশে বড়োই বাসনা হলো।
অবারিত মাঠ, গগন ললাট চুমে তব পদধূলি-
ছায়া সুনিবিড় শান্তির নীড় ছোটো ছোটো গ্রামগুলি।'

ক. 'সনেট'-এর বাংলা প্রতিশব্দ কী?

খ. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে' – বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপক-২ এ 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা করো।।

ঘ. উদ্দীপক-১ 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের নামান্তর।" মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

৬. মাদার তেরেসা সারাজীবন ধরে মানুষের শেখা করে গেছেন। তিনি স্বপ্ন দেখতেন কীভাবে কঠীন দৃশ্য মানুষের সেবা ল্যাব মানুষের মেধ্যে দেয় দেওয়ার জন্য তিনি সন্ন্যাসরত এখণ করেন। তারিক ও পরিবারে সুদধ্য এখানে তিনি জাতি, ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষকে সেবা প্রদান করতেন। সরাবনের অর্জিত উপামান মানুষের সেবায় উৎসর্গ করেছেন।

ক. কার গায়ে আজারির চিহ্ন?

খ. 'অভেদ ধর্ম জাতি' বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের মাসার তেরেসার কর্মকান্ড ও 'তানুষ পতিতার মোজা-পুত্রেলিয়দের ভরাঙ্গারের যে পার্থক্য বিদ্যমান তা বর্ণনা করো।

ঘ. উদ্দীপকে প্রতিফলিত আদর্শ 'মানুষ' কবিতার আদর্শকে সরান্তরাল ভাল যায় কি? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি প্রদান করো।

৭. **দৃশ্যকল্প-১:** 'দাউ দাউ পুড়ে যাচ্ছে নতুন বাজার।
পুড়ছে দোকান-পাট, কাঠ,
লোহা-লক্করের স্তূপ, মসজিদ এবং মন্দির
দাউ দাউ পুড়ে যাচ্ছে নতুন বাজার
বিষম পুড়ছে চতুর্দিকে ঘরবাড়ি।'

**দৃশ্যকল্প-২:** স্বাধীনতা তুমি
মজুর যুবার রোদে ঝলসিত দক্ষ বাহুর গ্রন্থিল পেশি।
স্বাধীনতা তুমি

prosnobd.com

অন্ধকারের খাঁ খাঁ সীমান্তে মুক্তিসেনায় চোখের ঝিলিক।

ক. অবুঝ শিশু কোথায় হামাগুড়ি দেয়?

খ. 'শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো' কেন? ব্যাখ্যা করো।

গ. দৃশ্যকল্প-১ এর সাথে 'তোমাকে পাওয়ার জন্যে, যে স্বাধীনতা' কবিতার কোন প্রেম দিকের মিল রয়েছে তা ব্যাখ্যা করো।

ঘ. "দৃশ্যকল্প-২ এর ভাব 'তোমাকে পাওয়ার জন্যে, যে স্বাধীনতা' কবিতার সমগ্র ভাবকে ধারণ করেনি।"-মন্তব্যটি বিশ্লেষণ করো।

## গ বিভাগ – উপন্যাস

৮. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় অনেক মানুষ নিরাপদ আশ্রয়ের জন্য পমর মেয়ে গ্রামে অপ্রয় নেয়। আবার অনেকে ঘরবাড়ির মায়া ত্যাগ করে জীবন বাঁচাতে ভারতে গিয়ে বিভিন্ন শরণার্থী কেন্দ্রে আশ্রয় গ্রহণ করে। যাত্রাপথে এসব শরণার্থীদের খাবার ও পানি দিয়ে সাযায্য অরে নামে এক কিশোর। তাদের কাছে পাকিস্তানিদের অত্যাচারের কাহিনি শুনে তার মনে প্রতিশেসম্পৃল জেগে ওঠে। ভিতরে ভিতরে ফুঁসতে থাকে, আর মনে মনে ভাবে যদি সে একটি পাকিস্তানি সেনাকে হত্যা করতে পারত, তাহলে তার গায়ের জ্বালা কিছুটা জুড়াত।

ক. মুক্তিবাহিনীর কমান্ডার কে?

খ. 'ছেলেটি এক আশ্চর্য বীর কাকতাড়ুয়া' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের শরণার্থীদের সলো 'কাকতাড়ুয়া' উপন্যাসের কদের সাদৃশ্য লক্ষ করা যায় ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের রাজু 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের যথার্থ প্রতিনিধি হয়ে উঠতে পেরেছে কি? যৌক্তিক বিশ্লেষণ করো।

৯. মৃন্ময় তার বাবার সাথে ১৬ ডিসেম্বর সকালে অপরাজেয় ৭১-এ ফুল দিতে যায়। এখানে হাজার হাজার মানুষকে সে ফুল দিয়ে শ্রস্থ্য নিবেদন করতে দেখে। যে তার বাবার কয়ে অপরাজেয় ৭১ সম্পর্কে জানতে চায়। বাবা তাকে বলেন, মুক্তিযুদ্ধের সময় যে বীরযোদায়া প্রাণপণ যুদ্ধ করে দেশের জন্য জীবন দিয়েছেন, তাঁদের স্মরণে এটি নির্মিত হয়েছে। তাই, অপরাজেয় ৭১ তরুণ প্রজন্মের নিকট মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল হয়ে দাঁড়িয়ে আছে।

ক. কারা পাখির মতো মানুষ মারে?

খ. ভিতরে সুখের পুঁটিমাছ রূপালি ঝিলিক তুলে সাঁতরায়'- বৃষর এ অনুভূতির কারণ ব্যাখ্যা আরো।

গ. উদ্দীপকের জীবন উৎসর্গকারী ব্যক্তিগণ 'কাকতাড়ুয়া' উপন্যাসে কাদের প্রতিনিধিত্ব রয়ে?- ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের 'অপরাজেয় ৭১' এবং 'কাকতাড়ুয়া' উপন্যাস উভয়ে বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

## ঘ বিভাগ – নাটক

১০. ৮ম শ্রেণির মেধাবী ছাত্রী রূপা চার বছর আগে এক আকস্মিক দুধটনায় ব চাচার বাড়িতে আশ্রয় নিয়ে চাচাতো ভাই-বোনদের সজো পড়ালেখা করছে। অরাত মেদাবী বলে তার পড়াশোনা মেনে নিতে পারে না চাচি। চাচি ঘৃণার বিয়ের জন্য উঠেপড়ে লাগে। শেষ পর্যন্ত চাচাকে রাজি করিয়ে এক মাঝবয়সি ফল ব্যবসায়ীর সঙ্গে বিয়ে ঠিক করে ফেলে। বিয়ে নিশ্চিত জেনে রূপা নিরুপায় হয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার শরণাপন্ন হয়।

ক. কে ছাপাখানা দিতে চেয়েছিল?

খ. 'তার চোখে পানি নাই বটে, কিন্তু বুক নিশ্চয় ফেটে যাচ্ছে।' কেন তা যাখ্যা করো।

গ. উদ্দীপকের রূপার বিয়ে 'খদীর' নাটকের কোন সামাজিক সমস্যাকে চিহ্নিত করে তা ব্যাখ্যা করো।

ঘ. "বহিপীর' নাটকের তাহেরা যদি উদ্দীপকের রূপার ভূমিকায় অবতীর্ণ হতো তাহলে নাটকের পরিণতি ভিন্ন হতো।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

proshnobd.com

১১. মনির সাহেব একজন সাধারণ ব্যবসায়ী। কয়েদাকানে তাঁর ব্যথসয়ে য্যাপক্ষ লোকসান হয়। তিনি ব্যাংক থেকে টাকা লোন নিয়ে বাধসায়ের কাজে লাগিয়েছেন। ব্যাংক লোন সময়মতো পরিশোষ করতে না পারায় তার পাঁচতলা বাড়িটি নিলামে ওঠে। স্ত্রী-পুত্র ও কন্যাদের নিয়ে তিনি দ্বীষণ দুশ্চিদ্রায় পড়েন। কোনো উপায় বের করতে না পেয়ে, শেষে তিনি তাঁর মামাতো ডাই হাবিবের নিকটে টাকা ধার চান । কিন্তু যারিব বলে যদি সে তার পাঁচতলা বাড়ির অর্থেও তার নামে লিখে দেয়, তাখলে সে তাকে টাকা ধার হিসেবে দেবে। একথা শুনে মনির যামেব কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েন।

ক. বজরা কোন ঘাটে থেমেছিল।

খ. তাহেরা শেষ পর্যন্ত বহিপীরের সলো যেতে চায় কেন? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকের ঘনির সাহেবের বাড়ি হারানো ঘটনার সঙ্গেল 'বাহিনীর' নাটকের হাতেম আলির মিল কীসে? ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের হাবিব এবং 'বহিপীর' নাটকের বহিপীরের কূটকৌশল একই সূত্রে গাঁথা।"- মন্তব্যটি বিশ্লেষণ করো।

prosnobd.com

বহুনির্বাচনি অভীক্ষা
বাংলা প্রথম পত্র
বিষয় কোড – 101
[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]
সময় – ৩০ মিনিট
সেট - গ

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

১। নাটকের প্রাণ বলা হয় কোনটি?
(ক) সংলাপ (খ) দৃশ্য (গ) চরিত্র (ঘ) অঙ্ক

২। আমাদের দেশে জনশক্তি বা গণতন্ত্র গঠিত না হওয়ার কারণ কী?
(ক) বর্ণ বৈষম্য (খ) আভিজাত্যের অহংকার
(গ) শ্রমজীবীদের উপেক্ষা (ঘ) জাগরণের অভাব

৩। "আর কি হে হবে দেখা"-চরণ দ্বারা কোনটি বোঝানো হয়েছে?
(ক) নদকে দেখার তীব্র আকাঙ্ক্ষা
(খ) স্বদেশের প্রতি গভীর উপলব্ধি
(গ) অন্তরের আকুল আকৃতি
(ঘ) স্বদেশের প্রতি অনুশোচনা

উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
স্বাধীনতা যুদ্ধে প্রতিটি মুক্তিযোদ্ধা প্রাণ ভয় না করে জীবন বাজি রেখে দেশের জন্য যুদ্ধ করেছেন। তারা মনে করেন শত্রুর হাত থেকে প্রাণ বাঁচিয়ে চলে যাবার থেকে দেশের জন্য শহীদ হওয়াটা অনেক গর্বের।

৪। উদ্দীপকের ভাবনার সাথে সাদৃশ্যপূর্ণ পংক্তি কোনটি?
(ক) মানব জনম সার, এমন পাবেনা আর।
(খ) দারা পুত্র পরিবার, তুমি কার কে তোমার।
(গ) করোনা সুখের আশ, পরোনা দুখের ফাঁস।
(ঘ) কর যুদ্ধ বীর্যবান, যায় যাবে যাক প্রাণ।

৫। উদ্দীপকের সাথে সাদৃশ্যের অন্তর্নিহিত কারণ-
i. সাহস ii. মনোবল iii. দক্ষতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬। বুদ্ধিজীবীরা ও শিল্পীরা কীসেরর মুখে সই দিতে বাধ্য হয়েছেন ?
(ক) বেয়নেট (খ) কার্তুজ
(গ) খুরপি (ঘ) গ্রেনেড

৭। "ভগ্নস্তূপের মধ্যে দাঁড়িয়ে একটানা আর্তনাদ করল একটা কুকুর"। এই আর্তনাদে নিচের কোনটি প্রকাশ পেয়েছে?
(ক) প্রতিশোধ গ্রহণে বাঙ্গালীর অপারগতা
(খ) পাকিস্তানীদের প্রতি ঘৃণা
(গ) পাক হানাদারদের বিরুদ্ধে প্রতিশোধ
(ঘ) মুক্তিবাহিনীর জাগরণ

৮। সৌদি আরবের দক্ষিণাঞ্চলের একটি উর্বর প্রদেশ কোনটি?
(ক) মদিনা (খ) মক্কা
(গ) তায়েফ (ঘ) হোদায়বিয়া

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
"সব লোকে কয় লালন কী জাত সংসারে,
লালন কয় জাতের কীরূপ দেখলামনা এনজরে।"

৯। উদ্দীপকের ভাবের সাথে সাদৃশ্য রয়েছে যে চরণের -
(ক) তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবী
(খ) মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
(গ) এ মন্দির পজারীর হায় দেবতা তোমার নয়
(ঘ) তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়।

১০। উদ্দীপক ও 'মানুষ' কবিতায় প্রকাশ পেয়েছে-
i অসাম্প্রদায়িকতা ii. সাম্যবাদ iii. মানুষের শ্রেষ্ঠত্ব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১। 'বহিপীর' নাটকের অপ্রধান চরিত্র কোনটি?
(ক) হাতেম আলী (খ) হকিকুল্লাহ
(গ) হাশেম আলী (ঘ) বহিপীর

১২। "বুকে চাপা মৃতের আগুন" বলতে কী বোঝানো হয়েছে?
(ক) নৃশংসতার ভয়াবহতা
(খ) মুক্তিবাহিনীর বীরত্ব গাঁথা
(গ) প্রতিশোদের উন্মাদনা (ঘ) হানাদারদের প্রতিরোধ

prosnobd.com

১৩। "শিয়রে বসিয়া মনে মনে মাতা গণিছে ছেলের আয়ু" চরণটিতে কী প্রকাশ পেয়েছে?
(ক) ছেলের মুমূর্ষু অবস্থা
(খ) ছেলে হারানোর আশঙ্কা
(গ) অফুরন্ত সন্তানবাৎসল্য
(ঘ) সন্তানের রোগমুক্তির চিন্তা
১৪। "আমিও তোমার সঙ্গে যুদ্ধ করব"--- কথাটি কার?
(ক) বুধা (খ) আলী (গ) কুন্তি (ঘ) রানি
১৫। কোথায় মানুষেরা নির্ভাবনায় ঘুমিয়ে থাকে?
(ক) আঁধার ঘরে (খ) কান্না-হাসির জগতে
(গ) জীর্ণ বেড়ার ঘরে (ঘ) ছোট্ট কুঠিরে
১৬। নিমগাছের দিকে মুগ্ধ দৃষ্টিতে কে চেয়ে রইলো?
(ক) কবি (খ) কবিরাজ
(গ) বিজ্ঞ (ঘ) জানি
১৭। পল্লিসাহিত্য সম্পদের মধ্যে কোনটি অমূল্য রত্ন বিশেষ?
(ক) ছড়া (খ) প্রবাদ (গ) পল্লিগান (ঘ) উপকথা
১৮। বহিপীরের প্রথম স্ত্রীর ইন্তেকাল হয় কত বছর আগে?
(ক) ১৪ (খ) ১৬ (গ) ১৮ (ঘ) ২০
১৯। 'তোকে দেখে আমাদের সাহস বেড়ে গেছে।' আলীর এ কথায় কী প্রকাশ পেয়েছে?
(ক) সাহসিকতা (খ) প্রতিশোধ স্পৃহা
(গ) মনোবলের দৃঢ়তা (ঘ) কর্মক্ষমতা
২০। ও রে কে আছিস রে, এখানে একটু গোবরজল ছড়িয়ে দে। এ কথা দ্বারা কী বোঝানো হয়েছে?
(ক) নিচু শ্রেণির অবস্থা (খ) সামন্ত শ্রেণির দৌরাত্ম্য
(গ) পরিচ্ছন্নতার লক্ষণ (ঘ) প্রচলিত রীতিনীতি
২১। 'বাংলা নববর্ষ উৎসব আজ আমাদের জাতীয় চৈতন্যের ধারক।' এখানে চৈতন্যের ধারক' বলতে কী বোঝানো হয়েছে?
(ক) জাগরণের উন্মেষ (খ) বর্ণবাদী চেতনা
(গ) সাংস্কৃতিক বৈচিত্র্য (ঘ) সাম্প্রদায়িক সম্প্রীতি
উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
মিনা নিয়মিত লাইব্রেরিতে গিয়ে পড়াশোনা করে। কিন্তু তানিয়া মনে করে, লাইব্রেরিতে অন্য বই পড়লে সময় নষ্ট হবে, ক্লাসে প্রথম হওয়া যাবে না।
২২। উদ্দীপকে মিনার কাজে 'বইপড়া' প্রবন্ধের কোন দিকটি প্রকাশিত হয়েছে?
(ক) স্বশিক্ষিত হওয়া (খ) শখ পূরণ
(গ) ঐশ্বর্য সন্ধান (ঘ) মনোবল বাড়ানো
২৩। উদ্দীপকের তানিয়ার মতো মানুষেরা----
i. লাইব্রেরির গুরুত্ব অনুভব করে না
ii. নিজের উপর নিজের বিশ্বাস নেই
iii. সাহিত্য চর্চার সুফল সম্বন্ধে সন্দিহান
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii
২৪। 'অর্থ চিন্তার নিগড়ে সকলে বন্দি'-বলতে কোনটি বোঝানো হয়েছে?
(ক) স্বার্থপরতা (খ) মনুষ্যত্বের চিন্তা
(গ) সম্পদের মোহে অন্ধ (ঘ) অন্নবস্ত্রের ব্যবস্থা
২৫। পৃথিবীটা কালো ধোঁয়া মনে হয় কেন?
(ক) মাটি ঘামে ভেজায় (খ) ঘরেতে অভাব থাকায়
(গ) রাত নির্জন হওয়ায় (ঘ) আলোর স্পর্শের অভাবে
২৬। ছোট মেয়েটির নাম সুভাষিণী রাখে কে?
(ক) হরিহর (খ) প্রতাপ
(গ) নীলমণি (ঘ) বানীকণ্ঠ
২৭। 'নিয়তি' গল্পে লেখকের কোন সময়ের স্মৃতি উঠে এসেছে?
(ক) যৌবন (খ) কৈশোর (গ) প্রৌঢ় (ঘ) শৈশব
২৮। আহাদ মুন্সির বড় ছেলের নাম কী?
(ক) মিঠু (খ) আলী (গ) শাহাবুদ্দিন (ঘ) মতিউর
২৯। কাঙ্গালীর মায়ের মৃতদেহ সৎকারের কাঠ জোগাড় করতে না পারার কারণ-
i. দরিদ্রতা ii. উচু শ্রেণির নিষ্ঠুরতা
iii. জাতি বৈষম্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii
৩০। বুধা কাকে ভীতুর ডিম বলেছে?
(ক) ফুল কলি (খ) নোলক বুয়া
(গ) কুন্তি (ঘ) রানি

proshobd.com